উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## এপ্রিল/২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মার্চ/২৩ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ৩,২৯,৬৬,৯৯৪ টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে প্রাপ্য ৭৩,৯৯,৭৪৪ সহ সর্বমোট ৪,০৩,৬৬,৭৩৮ টাকার বিপরীতে গত ১০-০৬-২০২৩খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে যাচাই বাছাই সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ৬৮টি প্রকল্পের বিপরীতে ১,১৭,৮৫,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-ক) এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ৬৭টি প্রকল্প বাস্তবায়ন বাবদ মোট ২,২৫,৮০,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-খ) ও আর.এফ.কিউ প্রক্রিয়ার মাধ্যমে ১৬টি প্রকল্প বাস্তবায়ন বাবদ মোট ৫৪,০০,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-গ) প্রকল্প বাস্তবায়ন করার সুপারিশ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ৩,২৯,৬৬,৯৯৪ টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে প্রাপ্য ৭৩,৯৯,৭৪৪ সহ সর্বমোট ৪,০৩,৬৬,৭৩৮ টাকার বিপরীতে গত ১০-০৬-২০২৩খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে সুপারিশকৃত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ৬৮টি প্রকল্পের বিপরীতে ১,১৭,৮৫,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-ক) এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ৬৭টি প্রকল্প বাস্তবায়ন বাবদ মোট ২,২৫,৮০,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-খ) ও আর.এফ.কিউ প্রক্রিয়ার মাধ্যমে ১৬টি প্রকল্প বাস্তবায়ন বাবদ মোট ৫৪,০০,০০০ টাকা (পরিশিষ্ট তালিকা-গ) তালিকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| **২। স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১৬ এপ্রিল, ২০২৩ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৫৯%, ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৬৪.৮৪% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৮.৩৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |

উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## এপ্রিল/২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মার্চ/২৩ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৩,২৯,৬৬,৯৯৪ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট তিন কিস্তির টাকা পাওয়া গেছে। সম্ভাব্য চার কিস্তিতে মোট ৭১,৫২,০০০ টাকা ধরে সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার বিপরীতে বিভিন্ন ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প তালিকা গ্রহণ করা হয়েছে এবং টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ৭-৯ সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে যে সকল প্রকল্প বাস্তবায়ন করা হবে সে সকল কাজ দ্রুত শুরু করার জন্য অনুরোধ জানান। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে সম্ভাব্য প্রাপ্ত টাকা সহ সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার উন্নয়ন প্রকল্প নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| **২। স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১৬ এপ্রিল, ২০২৩ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৫৯%, ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৬৪.৮৪% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৮.৩৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| **৩। কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় ৩৭,০০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। বর্তমানে প্রতিকূল আবহাওয়া বিরাজমান থাকায়, ১০লিটার ১০০ গ্রাম মিউরেট অব পটাশ ৫ শতাংশ জায়গায় স্প্রে করতে হবে। এছাড়া সকালে কোন কীটনাশক স্প্রে না করে প্রয়োজন হলে বিকাল বেলায় বালাইনাশক স্প্রে করতে হবে। এছাড়া ইউরিয়া ও নন ইউরিয়া সার কেজি প্রতি ডিলার ও কৃষক পর্যায়ে ৫টাকা করে বৃদ্ধি পেয়েছে। তবে উক্ত উপজেলায় সারের কোন সংকট নেই। পর্যাপ্ত সারের মজুদ রয়েছে। মাঠ পর্যায়ে সকল উপ-সহকারী কৃষি | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| কর্মকর্তা কর্মরত রয়েছে। এছাড়া বিভাগীয় সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| **৪। মৎস্য বিভাগ:**<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ঝাটকা বিরোধী অভিযান প্রতিটি বাজারে চলমান রয়েছে। মাছে ফরমালিনের উপস্থিতি আছে কিনা তা বাজারগুলিতে পরীক্ষা করা হচ্ছে। ঝাটকা বিরোধী অভিযান হিসাবে শরীফপুর রুদ্র কোল্ড ষ্টোরেজে অভিযান করা হয়েছে। মাছের নিরাপদ খাদ্যের জন্য খাদ্য নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য যাবতীয় কাজ সরকারি নীতিমালা মোতাবেক চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| **৫। প্রাণি সম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত এলাকা এবং চরাঞ্চল সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৫০ জন সুফলভোগীর মাঝে গত ০৩/০৪/২৩ তারিখে ০২টি করে মোট ১০০টি ছাগল বিতরণ করা হয়েছে। এছাড়া ১৬/০৪/২০২৩খ্রি পর্যন্ত গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,২৭৫টি, হাঁস মুরগী ২৭,৩০০টি, পোষা পাখি পশু-২৫টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৪,২০০টি এবং হাঁস মুরগী ৭৫,০০০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৩০০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ০৯ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০১ টি। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| **৬। পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৬/০৪/২০২৩খ্রি: পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৩০৮ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৩৫। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৩১ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৯৩ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-৪০ জনকে। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৭। ত্রাণ ও পুর্ণবাসন:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ইজিপিপি প্লাস এর প্রকল্প সংখ্যা ৭৪টি। কিছু কিছু ইউনিয়নে শ্রমিক উপস্থিতি ভালো। আবার কোনো কোনো ইউনিয়নে শ্রমিক উপস্থিতি খুবই কম। অনুপস্থিত কোনো শ্রমিকের মজুরি প্রদান করা হবেনা। একমাত্র পারিবারিক বদলী শ্রমিকের হাজিরা প্রদান করার জন্য সুপারিশ করা হবে অন্যথায় অন্য কোন বদলী শ্রমিকের হাজিরা গন্য করা হবেনা। বিজিএফ কার্যক্রম শান্তিপূর্ণভাবে বিতরণ হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখা, কাবিটা ও ইজিপিপি প্লাস এর বরাদ্দ দ্বারা সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | |
| **৯। শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, জামালপুর সদর উপজেলার শিক্ষা কার্যক্রম সঠিকভাবে চলছে। সরকারি প্রাথমিক বিদ্যালয় রমজান উপলক্ষে ২৬/০৪/২৩খ্রি: তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। ২৭/০৪/২০২৩খ্রি: তারিখ থেকে যথারীতি বিদ্যালয়ের | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| পাঠদান কার্যক্রম চলবে। বিদ্যালয়ের উন্নয়নমূরক কাজ ক্লাষ্টার ভিত্তিক মনিটরিং করা হচ্ছে। | | |
| **১০। মহিলা বিষয়ক বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, অত্র উপজেলার সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে যারা মৃত, অযোগ্য রয়েছে তাদের দ্রুত প্রতিস্থাপনের জন্য আলোচনা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দ্রুত মৃত, অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থাপন পূর্বক নগদ একাউন্ট সহ সমাজসেবা কার্যালয়ে প্রেরনের অনুরোধ জানান। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ২৬,৮৫,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,১২,৩২৭ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ১৫০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,১৪,০০,০০০ (চার কোটি চৌদ্দ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৯৬,৪০,০০০ (এক কোটি ছিয়ানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৪৭%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৩৫,৯১,০০০ (পয়ত্রিশ লক্ষ একানব্বই হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ২৪,০৫,০০০ (চব্বিশ লক্ষ পাঁচ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৬৭%। ব্যারাক ত্যাগকারী ঋণ গ্রহনকারীর সংখ্যা-৬৬ জন। ব্যারাক ত্যাগকারীদের নিকট ঋণ পাওনা ৪,২২,৯৩০ (চার লক্ষ বাইশ হাজার নয়শত ত্রিশ) টাকা এবং ঋণ গ্রহনকারী মৃত সদস্যদের নিকট ঋণ পাওনা ২,০৭,০০০ (দুই লক্ষ সাত) হাজার টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি)ঃ**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, এপ্রিল/২৩ মাসের ঋণ বিতরণ করা হয়েছে ৩.৩০ লক্ষ টাকা এবং আদায় ৬.৫০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ১০৭৩.৪৮ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জত ঋণ আদায় ৯৫০.৩০ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় তিন অর্থ বছরের বরাদ্দ ১১৭০টি সাবমার্সিজিবল পাম্পযুক্ত গভীর নলকুপের কাজ শেষ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| হয়েছে। এরমধ্যে ০৪ টি গভীর নলকুপের বোরিং কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২১টি ওয়াশ ব্লকের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ২১টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৯টি কাজ সমাপ্ত হয়েছে এবং ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১১টি বরাদ্দ পাওয়া গেছে যার মধ্যে ৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৮টির কাজ চলমান রয়েছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ৪৩টি সাবমার্সিবল অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। ২য় পর্যায়ে ২৭টি ৬নং অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। ৩য় পর্যায়ে ২৩টি অগভীর নলকুপের কাজ শেষ হয়েছে। ৪র্থ পর্যায়ে ৩৭টি অগভীর নলকুপের বোরিং কাজের মধ্যে ১৯টি সম্পন্ন হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। NNGPS এর আওতায় ১৫টি সাবমার্সিবল পাম্পযুক্ত নলকুপের বোরিং সমাপ্ত হয়েছে এবং ১৫টি হ্যান্ড ওয়াশ বেসিন এর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া এছাড়া GPS এর আওতায় ২১টি সাবমার্সিবল পাম্পযুক্ত নলকুপের বোরিং সমাপ্ত হয়েছে এবং ২১টি হ্যান্ড ওয়াশ বেসিন এর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ১৬। খাদ্য বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| ১৭। বন বিভাগঃ<br>উপজেলা বন কর্মকর্তা বভায় বলেন যে, চলতি অর্থবছরে জামালপুর এস.এফ.এন.টি.সি তে মোট ১০ হাজার চারা উত্তোলন করা হবে। বিগত বছরের মোট ২০ হাজার চারা মজুদ রয়েছে। এছাড়া করাত কলের লাইসেন্স করার জন্য করাতকল মালিকগণকে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বন বিভাগের আওতায় সরকার কর্তৃক জারীকৃত বিভিন্ন সময়ের নির্দেশনা সঠিকভাবে পালন সহ মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হলো। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য উপজেলা পরিষদের দক্ষতা মূল্যায়ন কার্যক্রমটি অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজেলা পরিষদের উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| ১৮। বিএডিসি (সেচ)<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তাঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, |

| | | |
|---|---|---|
| | | জামালপুর। |
| **২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| **২১। পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, এপ্রিল/২৩ মাসে মোট ঋণ আদায় ২ কোটি ৪ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৯৬৩.৫ (লক্ষ) টাকা এবং অর্জন ১৫৫১.১১ (লক্ষ) টাকা। হার ৭৮%। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৮২৮.২ (লক্ষ) টাকা এবং অর্জন ১৬৩৭.২ (লক্ষ) টাকা। হার ৯০%। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১৭৯.৯৬ (লক্ষ) টাকা এবং অর্জন ১৩৫.০৮ (লক্ষ) টাকা। হার ৭৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণসহ বিভাগীয় সকল কাযক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর। |
| **২২। বিবিধ:**<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামত করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর। |
| **(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :**<br>রাজস্ব তহবিলের ১৬ মার্চ/২০২৩ থেকে ১৬ এপ্রিল/২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ১৬ মার্চ/২০২৩ থেকে ১৬ এপ্রিল/২৩ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২৩,৮৬,৬৮০ (তেইশ লক্ষ ছিয়াশি হাজার ছয়শত আশি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৯,০০০ |
| জাতীয় দিবস উদযাপন | ৪,৮২৫ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪৩,৯০৯ |
| বাসাবাড়ী ও অফিস মেরামত | ৪৮,২৬০ |
| বিদ্যুৎ বিল | ৬০,০০০ |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২২,০০০ |
| আসবাবপত্র ক্রয় ও মেরামত | ৯৬,৬০০ |
| প্রকাশনা | ২১,২৬৮ |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ১,২৬,৬১৪ |
| গ্রাম পুলিশদের বেতন | ১৫,৩০,২৫০ |
| হাট বাজার ইজারার ব্যয় | ৩৫,১৩৯ |
| হাট বাজার ইজারার বিজ্ঞাপন বিল | ২,৯০,৪৯০ |
| সর্বমোট | ২৩,৮৬,৬৮০ |

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৩- ৩৯৩ তারিখ: ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..............................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..............................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

১৭/০৪/২৩

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd